

**ডিসির পদত্যাগ দাবি  
জাবিতে শিক্ষক সমিতির  
কর্মবিরতি চলছে**

■ জাবি সর্বোদমতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. আনোয়ার হোসেনের পদত্যাগ দাবিতে শিক্ষক সমিতির কর্মবিরতি অব্যাহত রয়েছে। গতকাল শনিবার ইদুল আজহা ও শারদীয় দুর্গাপূজার ছুটি পেরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পেও অধিকাংশ বিভাগে কোন ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

এদিকে বিরোধী দলীয় নেতার বক্তব্যের প্রতিবাদ জানিয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ গতকাল এক বিক্ষোভ মিছিল বের করে।

কমিটিতে ঠাই না পেয়ে  
বিভাগে তালদা

বিশ্ববিদ্যালয়ে আশ্রয় ২০১৩-১৪ শিক্ষাবর্ষের জ্বতি পরীক্ষায় উত্তীর্ণ বিজ্ঞান বিভাগের জ্বতি পরীক্ষা-সম্বন্ধে কমিটিতে স্থান না পাওয়ায় বিভাগে তালদা মাগিয়ে শিক্ষক-শিক্ষার্থীদের অবরুদ্ধ করেন ওই বিভাগের এক শিক্ষক। গতকাল দুপুর ২টা থেকে বিকাল পৌনে ৫টা পর্যন্ত বিভাগীয় সব শিক্ষককে নিজ বিভাগে অবরুদ্ধ করে রাখেন উচ্চশিক্ষা বিভাগের শিক্ষক অধ্যাপক মো. আদী আকন্দ মামুন। তার স্ত্রী বিভাগীয় শিক্ষক ড. মানজিদা মুব্বাশশারা। এ সময় ওই বিভাগের সব শিক্ষার্থী অবরুদ্ধ হয়ে পড়েন। পরবর্তীতে শিক্ষক সমিতির হস্তক্ষেপ বিষয়টি সাময়িক সমাধান করা হয়।